



সংগীত বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.পি.এ (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.পি.এ (১ বছর, ২ সেমিস্টার) শূণ্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা অনুযায়ী অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা:

মাস্টার্স প্রোগ্রামে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যতীত) এবং স্নাতক/স্নাতক (সম্মান) পাশকৃত শিক্ষার্থীরা বিভাগের মাস্টার্স প্রোগ্রামে আসন শূণ্য থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বিদেশী বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীধারীগণ সমতা বিধান সাপেক্ষে আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

১. আবেদনের ন্যূনতম যোগ্যতা: স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
২. আবেদনকারী যে বিভাগ/সমরূপ (alike) বিভাগ থেকে স্নাতক/স্নাতক (সম্মান) পাশ করেছে শুধুমাত্র সে বিভাগে/সমরূপ বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৩. স্নাতক/স্নাতক (সম্মান) পাশের পর ০৩(তিন) শিক্ষাবর্ষের মধ্যে ভর্তির জন্য আবেদনের সুযোগ থাকবে।
৪. মাস্টার্স প্রোগ্রামে ভর্তি ও একাডেমিক কার্যক্রম বিশ্ববিদ্যালয় প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়িত হবে।
৫. ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে এবং সংশ্লিষ্ট অধিকর্তা-এর তত্ত্বাবধানে নিজ নিজ বিভাগ কর্তৃক এ পরীক্ষা পরিচালিত হবে।
৬. ভর্তি পরীক্ষার আবেদন ফি: ১,০০০ (এক হাজার) টাকা যা অনলাইনে প্রদান করতে হবে।
৭. ভর্তির আবেদন ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৪/১২/২০২৫(বুধবার)।